ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১১১৭
আগরতলা,৫ সেপ্টেম্বর,২০২৪

**বিধানসভা সংবাদ**

## রাজ্যের সমস্ত জেলায় শিল্পাঞ্চল স্থাপন করার উদ্যোগ নেওয়া হয়েছে : শিল্প ও বাণিজ্যমন্ত্রী

রাজ্যের সমস্ত জেলায় শিল্পাঞ্চল স্থাপন করার উদ্যোগ নেওয়া হয়েছে। আগে খোয়াই জেলায় কোনও শিল্পাঞ্চল না থাকলেও এখন ঐ জেলায় একটি নতুন শিল্পাঞ্চল স্থাপন করার প্রস্তাব রয়েছে। এছাড়াও নতুন শিল্পাঞ্চল প্রতিষ্ঠার জন্য দক্ষিণ ত্রিপুরা জেলার অন্তর্গত শান্তিরবাজারে ১২৭.০৯ একর জমি শিল্প দপ্তরকে হস্তান্তর করা হয়েছে। আজ রাজ্য বিধানসভায় বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরীর এক প্রশ্নের লিখিত উত্তর শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সান্ত্বনা চাকমা এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, এডিনগর শিল্পাঞ্চলে মহিলা এবং স্বসহায়ক দলগুলির জন্য ২৪টি নতুন ক্ষুদ্র শিল্প শেড এবং ২৮টি মার্কেট স্টল তৈরি করা হয়েছে। এছাড়াও ক্ষুদ্র শিল্প উদ্যোগীদের শিল্প স্থাপনের ক্ষেত্রে সাহায্যের জন্য বোধজংনগরে ১২টি এবং আরকেনগর শিল্পাঞ্চলে ২৮টি লো কস্ট শেড তৈরি করা হয়েছে।

শিল্প ও বাণিজ্যমন্ত্রী জানান, রাজ্যের শিক্ষিত বেকার যুবক যুবতীদের স্বনির্ভর করে তোলার লক্ষ্যে বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে ব্যাঙ্ক থেকে অনুদান প্রদান করা হচ্ছে। এছাড়াও রাজ্য সরকারের নিজস্ব স্বাবলম্বন প্রকল্পের মাধ্যমে প্রতি বছর অনেক বেকার যুবক যুবতীদের ব্যাঙ্কের মাধ্যমে অনুদান প্রদান করা হচ্ছে। একই সঙ্গে শিল্প ও বাণিজ্য দপ্তরের ত্রিপুরা ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডের মাধ্যমে শিল্প স্থাপনে ইচ্ছুক ব্যক্তিদের রাজ্যের বিভিন্ন শিল্পাঞ্চলগুলিতে প্রয়োজনীয় জমি / শেড প্রদান করা হয়ে থাকে। রাজ্যে কেন্দ্রীয় সরকারের পিএম-বিশ্বকর্মা প্রকল্পের আওতায় বিশেষ চয়নিত ১৮টি ট্রেডের ঐতিহ্যবাহী কারিগরদের সমর্থন, সংরক্ষণ, কারিগরি প্রশিক্ষণ, আর্থিক সাহায্য প্রদানের মাধ্যমে এবং প্রচারের মাধ্যমে তাদের শিল্পের সমৃদ্ধি ও মান উন্নয়ন ঘটানো হচ্ছে। ইতিমধ্যে ১৯১ জন শিল্পী বিভিন্ন ব্যাঙ্ক থেকে মোট ২৫৭৭.৫৮ লক্ষ টাকা ঋণ পেয়েছেন।

*****